দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JAN 2016
পৃ. 6 কলাম 6

# রাবির উদ্ভিদবিজ্ঞান বিভাগের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠিত

■ রাবি সংবাদদাতা

নানা আয়োজনে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) উদ্ভিদবিজ্ঞান বিভাগের সুবর্ণ জয়ন্তী ও এলামনাই পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম মিলনায়তনে পতাকা উত্তোলন ও স্মারক ফেস্টুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন। বিভাগীয় সভাপতি অধ্যাপক মুহাম্মদ নূরুল আমিনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান ও বেসরকারি উন্নয়ন সংস্থা টিএমএসএস'র নির্বাহী পরিচালক ড. হোসনে আরা বেগম। বিভাগের প্রতিষ্ঠাতা সভাপতি এএম ইউনুস, প্রয়াত শিক্ষক অধ্যাপক মো. জামান ও অধ্যাপক মো. শামসুর রহমান স্মরণে শোকসভা শেষে এলামনাই এসোসিয়েশনের সাধারণ সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।